



তথ্যবিবরণী

নম্বর- ০১২

সমবায় ছাড়া কোনো মুক্তি নেই

— পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী

রাজশাহী; ২৯ আষাঢ় (১৩ জুলাই):

পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি বলেছেন, সমবায়কে আপনারা শক্তিশালী ও জোরদার করে তুলুন। সমবায় ছাড়া কোনো মুক্তি নেই। সমবেত হয়ে না এগোলে শুধু ব্যক্তি লাভবান হবে, সামষ্টিকভাবে সমাজের সকলে লাভবান হবে না।

আজ শনিবার ( ১৩ জুলাই) বেলা এগারোটায় রাজশাহী জেলার পুঠিয়া উপজেলা পরিষদ চত্বরে কাব-স্কাউট ইউনিটে ড্রাম সেট বিতরণ এবং ২০২৩-২৪ অর্থ বৎসরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা' খাতের আওতায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উঁচু-নিচু বেঞ্চ সরবরাহ, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের মাঝে বাই-সাইকেল, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফুটবল, অসচ্ছল পরিবারের মাঝে চেউটিন, শুকনো খাবার ও সেলাই মেশিন বিতরণ এবং কুকুরের ভ্যাকসিন সরবরাহ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

আব্দুল ওয়াদুদ বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমবায় ভিত্তিক বাংলাদেশের স্বপ্ন দেখেছিলেন। তাঁকে হত্যা করে দুষ্কৃতিকারীরা সমবায় ভিত্তিক বাংলাদেশের সে চেতনাকে বিনষ্ট করতে চেয়েছিল। সমবায় ভিত্তিক দেশকে এগিয়ে নিয়ে গেলে আমরাও কোরিয়া, সিঙ্গাপুরসহ পৃথিবীর অন্যান্য উন্নত দেশের মতো এগিয়ে থাকতাম। আজকে আমরা গরীব আছি শুধু সমবায়কে কাজে লাগাইনি তাই।

সমবায় কৃষি ব্যবস্থাপনা ও এর উন্নয়নের বিভিন্ন দিক উল্লেখ করে প্রতিমন্ত্রী বলেন, বিভিন্ন বিলকে একটি স্কিমের আওতায় আনা এবং সমবায়ের জন্য বড় বড় বাজার তৈরি করে দেওয়ার কাজ আমরা হাতে নিয়েছি, যাতে করে কৃষকরা মধ্যস্বত্ব ভোগীদের খপ্পর থেকে বেরিয়ে উৎপাদিত পণ্যের সঠিক দাম পায়। অন্যদিকে ভোক্তারাও যেন সে সকল পণ্য ন্যায্য মূল্যে ক্রয় করতে পারে, সমবায়ী এবং আপনাদের সহযোগিতায় আমরা তার ব্যবস্থা করবো।

তিনি বলেন, আমরা পুঠিয়া ও দুর্গাপুরবাসী অবহেলিত নই। আমাদের আর্থিক সামর্থ্য কম হলেও আমরা কারো থেকে কোনো অংশে কম নই। প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারা দেশকেই সমগুরুত্ব দিয়ে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

তিনি আরও বলেন, উন্নয়ন কীভাবে করতে হয় তা আমরা জানি। রাজশাহী ছাড়া সব অঞ্চলের রাস্তা ৬ লেনের হয়েছে। রাজশাহীতেও এই কাজ শুরু হবে খুব তাড়াতাড়ি, ইতোমধ্যে আমরা ডিও লেটার (চাহিদা পত্র) দিয়েছি।

এ সময় তিনি উপকারভোগীদেরকে বিভিন্ন ভাতার টাকা উত্তোলনের সময় তাদের পিন নম্বর কারো সাথে শেয়ার না করার পরামর্শ দেন।

পুঠিয়া উপজেলা নির্বাহী অফিসার এ, কে, এম, নূর হোসেন নির্বাহী এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ আব্দুস সামাদ বক্তৃতা করেন। অন্যান্যের মধ্যে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারি, বীর মুক্তিযোদ্ধা, রাজনৈতিক ব্যক্তিবর্গ, উপকার ভোগী এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

পরে প্রতিমন্ত্রী উপজেলা পরিষদ চত্বরে একটি তাল গাছের চারা রোপণ করেন।

তৌহিদ/আরিফ/রুহুল/২০২৪/১৬:০০ ঘ.